# এনডিপি বার্তা

সংখ্যা ২১। বর্ষ ১১। জুলাই - সেপ্টেম্বর, ২০১৯

## সূ চি প ত্র


- ১৪তম সিটি ক্ষুদ্র উদ্যোক্তা পুরস্কার ০১
- মৌসুমি বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে নগদ অর্থ ও হাইজিন কিট,
- ছাত্র/ছাত্রীদের দুধ খাওয়ানো উদ্বুদ্ধকরণ ক্যাম্পেইন,
- আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন ০২
- জেলা প্রশাসনের সাথে মতবিনিময়,
- বার্ষিক সাধারণ সভা,
- ইইএস প্রকল্পের ফলদ চারা বিতরণ ০৩
- দুর্যোগে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ কর্মশালা,
- ফ্রি স্বাস্থ্য সেবা প্রদান,
- জুলাই-সেপ্টেম্বর ২০১৯ যেসব প্রকল্প শুরু বা শেষ ০৪
- নারী ও শিশুর প্রতি সহিংসতার প্রতিবাদে মানববন্ধন ও র‌্যালি,
- সোস্যাল সাপোর্ট কমিটি'র ত্রৈমাসিক সভা,
- প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির সার্ভিস চার্জ মুক্ত ঋণ প্রদান ০৫
- উপকারভোগীদের গাভী পালন প্রশিক্ষণ,
- জাতীয় শোক দিবস উদযাপন,
- ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি ০৬
- মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে ফুটবল প্রতিযোগিতা,
- কমিউনিটি মেম্বার এবং সেবা প্রদানকারীদের ষান্মাসিক ডায়ালগ,
- ক্ষুদে ডাক্তারদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ০৭
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসুচির কিশোরীদের সেল্ফ ডিফেন্স প্রশিক্ষণ,
- কনফারেন্স রুম ০৮


## সম্পাদনা পরিষদ


সম্পাদক ঃ
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ
মোল্লা আব্দুল্লাহ আল মেহদী
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহঃ ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## ১৪তম সিটি ক্ষুদ্র উদ্যোক্তা পুরস্কার পেল এনডিপি



কৃষি মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক (এমপি) এর নিকট থেকে সম্মাননা ক্রেস্ট গ্রহণ করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

২৯ সেপ্টেম্বর ২০১৯ রাজধানী ঢাকার হোটেল ইন্টার কন্টিনেন্টাল এর বলরুমে সিটি ফাউন্ডেশন এর উদ্যোগে ১৪তম সিটি ক্ষুদ্র উদ্যোক্তা পুরস্কার প্রদান করা হয়। মোট ৫টি ক্যাটাগরিতে ব্যক্তি শ্রেণিতে ১২ জনকে ও ৩টি প্রতিষ্ঠানকে এই পুরস্কার দেওয়া হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি বিজয়ী ব্যক্তি ও প্রতিষ্ঠানের মাঝে পুরস্কার বিতরণ করেন। এছাড়াও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রোকিয়া আফজাল রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ক্রেডিট এ্যান্ড ডেভেলপমেন্ট ফোরাম (সিডিএফ) এর নির্বাহী পরিচালক আবদুল আওয়াল ওয়াজেদ। প্রতিষ্ঠান ক্যাটাগরিতে সৃজনশীল ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থা হিসেবে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এ বছরের (২০১৮) পুরস্কার লাভ করে। সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান ও চেয়ারপারসন আলেয়া আখতার বানু মন্ত্রী মহোদয়ের কাছ থেকে পুরস্কারটি গ্রহণ করেন। অনুষ্ঠানে এনডিপির নির্বাহী পরিচালক তাঁর বক্তব্যে সিটি ফাউন্ডেশনকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এনডিপি আরো বেশি সৃজনশীল কার্যক্রম বাস্তবায়ন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য, ঋণ সহায়তা কর্মসূচি এর পরিচালক মোসলেম উদ্দীন আহমেদসহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পুরস্কার পরবর্তী এনডিপি প্রধান কার্যালয়ে ৩০ সেপ্টেম্বর ২০১৯ উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হয়। নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে সভায় পরিচালক কর্মসূচি মোহা. শাহ্ আজাদ ইকবাল, পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন, পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায়সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

গৌরবের ২৭ বছর

NDP
এনডিপি বার্তা
সংখ্যা ২১। বর্ষ ১১। জুলাই - সেপ্টেম্বর, ২০১৯

## মৌসুমি বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে নগদ অর্থ ও হাইজিন কিট বিতরণ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে এবং স্টার্ট ফান্ড বাংলাদেশ এর সহায়তা ও ইউকেএইড এর অর্থায়নে ২০১৯ মৌসুমি বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে নগদ ৪,৫০০ (চার হাজার পাঁচশত) টাকা এবং ৬০০ (ছয় শত) টাকা সমমূল্যের হাইজিন কিট বিতরণ করা হয়। সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলায় ২টি ইউনিয়ন (রাজাপুর ও বড়ধুল) ও কাজিপুর উপজেলার ৫ টি ইউনিয়ন (খাস রাজবাড়ি, তেকানি, নিশ্চিতপুর, চরগিরিশ, নাটুয়ারপাড়া) মোট ৭ টি ইউনিয়নে এবং বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার ১ টি (চন্দনবাইশা) ইউনিয়নে ক্ষতিগ্রস্থ ২,০০০ টি পরিবারের মাঝে এই সহায়তা প্রদান করা হয়। বিতরণ অনুষ্ঠানে উপজেলা প্রশাসন, স্থানীয় জনপ্রতিনিধিগণ উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম সম্পন্ন করেছেন ।



*বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে নগদ অর্থ ও হাইজিন কিট বিতরণ করছেন এনডিপির নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান*

## কামারখন্দে ছাত্র/ছাত্রীদের দুধ খাওয়ানো উদ্বুদ্ধকরণ ক্যাম্পেইন



*উদ্বোধনী ক্যাম্পেইনে এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মোঃ জাহাঙ্গীর আলম*

**"দুধে বুদ্ধি, দুধে শক্তি"** এই স্লোগানকে সামনে রেখে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের দুধ খাওয়ায় উদ্বুদ্ধ করতে কামারখন্দে ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে রিজিয়া মকছেদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত ক্যাম্পেইনে প্রায় ২০০ শিক্ষার্থীকে এক গ্লাস করে দুধ খাওয়ানো হয়। এই বিদ্যালয়ে কর্মসূচিটি সপ্তাহে ২দিন করে আগামী ৩ মাস চলমান থাকবে। পর্যায়ক্রমে কর্মসূচিটি সিরাজগঞ্জ জেলার অন্যান্য উপজেলায় একইভাবে চলমান থাকবে। উদ্বোধনী ক্যাম্পেইনে এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মোঃ জাহাঙ্গীর আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া কামারখন্দ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ আব্দুল হাই, উপজেলা সহকারি শিক্ষা কর্মকর্তা মো. জুলহাস এবং পিকেএসএফ-এর উপ-ব্যবস্থাপক (কার্যক্রম) মোঃ মজনু সরকার উপস্থিত ছিলেন। প্রধান অতিথি বলেন, শিক্ষার্থীদের দুধ খাওয়ায় উদ্বুদ্ধ করতে এমন ধরণের উদ্যোগ সত্যি প্রশংসনীয়। এজন্য তিনি এনডিপি এবং পিকেএসএফ-কে ধন্যবাদ জানিয়ে কর্মসূচিটি সফলভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, দুধ সর্বোত্তম ও সহজলভ্য খাদ্য অথচ সঠিক প্রচারণার অভাবে ছেলে মেয়েরা দুধ খাওয়ার প্রতি আগ্রহ হারিয়ে ফেলছে। এনডিপি এবং পিকেএসএফ সঠিক সময়ে কর্মসূচিটি হাতে নিয়েছে। এতে ছেলে মেয়েরা দুধ খাওয়ার উপকারিতা বুঝবে এবং ধীরে ধীরে দুধ খাওয়ার অভ্যাস গড়ে উঠবে। উল্লেখ্য, পিকেএসএফ এর PACE প্রকল্পের সহযোগিতায় এনডিপি কর্তৃক বাস্তবায়নাধীন **''ডেইরি ভ্যালু চেইন কর্মসূচি"** এর আওতায় ক্যাম্পেইনটি বাস্তবায়িত হচ্ছে।

## সিরাজগঞ্জে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন

৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জেলা প্রশাসন ও জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এর আয়োজনে এবং এনডিপি শিক্ষা সহায়তা কর্মসূচির সহযোগিতায় সিরাজগঞ্জে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয় হতে র‍্যালি শুরু করে শহর প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। র‍্যালিটির শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ফিরোজ মাহমুদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোহাম্মদ তোফাজ্জল হোসেন এবং জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সিদ্দিক মোহাম্মদ ইউসূফ রেজা। আরো উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মোঃ আপেল মাহমুদ, নির্বাহী পরিচালক কেপিইউএস মোঃ আশরাফুল আলম, সিডিও এর পিসি মোঃ জাহিদুল ইসলাম, এমইউএস এর সমন্বয়কারী মোঃ মোস্তাফিজুর রহমানসহ স্কুল-কলেজ এর ছাত্র-ছাত্রী, সাংবাদিক, শিক্ষক-শিক্ষিকা, প্রতিবন্ধী, এনজিও সমন্বয় পরিষদের সকল সদস্য এবং সরকারী-বেসরকারী কর্মকর্তাবৃন্দ। প্রধান অতিথিসহ সকল অতিথিগণ তাদের বক্তব্যে বলেন, সিরাজগঞ্জ জেলা অন্য সকল জেলা হতে শিক্ষার দিক দিয়ে অনেকটাই পিছিয়ে। এর মূল কারণ হিসেবে সিরাজগঞ্জ জেলার চরাঞ্চলের শিক্ষার হারকে দায়ী করেন। তাই শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে সরকারসহ বিভিন্ন বেসরকারী সংস্থাকেও চরাঞ্চলের শিক্ষা ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে একযোগে কাজ করতে হবে এবং সেই সাথে শিক্ষার মান নিশ্চিত করতে হবে।




*র‍্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসক ড. ফারুক আহম্মদ*

## জেলা প্রশাসনের সাথে মতবিনিময়



নবাগত জেলা প্রশাসককে ফুল দিয়ে শুভেচ্ছা জানান এনডিপি এর নির্বাহী পরিচালক

২১ জুলাই ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর সাথে সিরাজগঞ্জ জেলা প্রশাসনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবাগত জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। এছাড়াও জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং এনডিপি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্যে এনডিপি এর নির্বাহী পরিচালক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং এনডিপি এর সকল কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্তভাবে আলোচনা করেন। তিনি আরো বলেন, এনডিপি এর উদ্দেশ্য বাস্তবায়নে সকলকে সততা ও নিষ্ঠার সাথে আরো পরিশ্রম করতে হবে।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, দেশের সার্বিক উন্নয়নের জন্য সরকারের পাশাপাশি বেসরকারী সংস্থাও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিশেষ করে এনডিপি সিরাজগঞ্জ জেলায় যেসব উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে তা এখন দৃশ্যমান যা নিঃসন্দেহে প্রশংসার দাবিদার। এনডিপি তার সকল উন্নয়নমূলক কাজের ধারাবাহিকতা ধরে রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন প্রধান অতিথি। এছাড়াও সভায় আগত অন্যান্য প্রশাসনিক কর্মকর্তা এনডিপি এর সকল উন্নয়নমূলক কাজের জন্য প্রশংসা করেন ।

## বার্ষিক সাধারণ সভা




বার্ষিক সাধারণ সভায় স্বাগত বক্তব্য দিচ্ছেন সভার প্রধান অতিথি সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ফিরোজ মাহমুদ

২৭ জুলাই ২০১৯ তারিখে এনডিপি'র ২৭তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এনডিপি এর প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত উক্ত সভায় এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. ফিরোজ মাহমুদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর চেয়ারপারসন আলেয়া আকতার বানু। এছাড়াও এনডিপি এর উর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় স্বাগত বক্তব্যে প্রধান অতিথি এনডিপি এর সকল উন্নয়নমূলক কাজের জন্য ধন্যবাদ জানান এবং এ সকল উন্নয়নমূলক কর্মকান্ড চলমান রাখতে সরকারের পক্ষ থেকে সকল প্রকার সহযোগীতার আশ্বাস দেন। এনডিপি এর নির্বাহী পরিচালক আগামী এক বছরের কার্যবিবরণী এবং এনডিপি এর লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। উল্লেখ্য সভায় ২০১৯-২০২০ অর্থ বছরে ৭৬৫ কোটি টাকার বাজেট পেশ করা হয়।

## ইইএস প্রকল্পের ফলদ চারা বিতরণ



সদস্যদের মাঝে গাছের চারা তুলে দিচ্ছেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামীমুর রহমান ও রায়গঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান ইমরুল হাসান ইমন তালুকদার

০৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে ইইএস প্রকল্পের মাধ্যমে ১,৫০০ জন প্রকল্পভুক্ত সদস্যের মাঝে প্রত্যেককে ৩ টি করে মোট ৪,৫০০টি ফলদ (আম, লেবু ও পেয়ারা) চারা বিতরণ করা হয়। সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলাধীন ৫টি ইউনিয়নে (ব্রহ্মগাছা, পাঙ্গাসী, ধানগড়া, চান্দাইকোনা ও ঘুড়কা) হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর আর্থিক ও কারিগরী সহায়তায় কার্যক্রমটি বাস্তবায়িত হচ্ছে। উক্ত ফলদ চারা বিতরণ অনুষ্ঠানে রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামীমুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এ্যাড. ইমরুল হাসান ইমন তালুকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর প্রতিনিধি প্রোগ্রাম অফিসার ডাঃ হারুনার রশীদ ও এনডিপি এর সহকারী পরিচালক মোঃ সাইফুল ইসলাম। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, পুষ্টির চাহিদা পূরনে ফল গাছ মূখ্য ভূমিকা পালন করে থাকে। গাছ এক প্রকার ফুসফুসের কাজ করে, আর পৃথিবীর ফুসফুস হচ্ছে গাছ। তাই পৃথিবীর জন্য গাছ প্রয়োজন। তিনি এই ধরনের কার্যক্রম তার এলাকায় বাস্তবায়ন করার জন্য এনডিপি'র সফলতা কামনা করেন। সভাপতি বলেন, সরকারের এসডিজি বাস্তবায়নে, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায়, প্রাকৃতিক সৌন্দর্য্য বর্ধনে, পরিবেশের ভারসাম্য রক্ষায় এবং সবুজ পরিবেশ গড়তে গাছ লাগানোর কোন বিকল্প নেই। তাই আপনারা বেশী বেশী করে গাছ লাগান এবং আপনাদের ছেলে-মেয়েদেরকে গাছ লাগাতে উৎসাহিত করুন। তিনি এনডিপির বাস্তবমুখী কার্যক্রমের প্রশংসা করেন। পরবর্তীতে অতিথিবৃন্দ সদস্যদের মাঝে ৩টি করে ফলের চারা বিতরণ করেন। অনুষ্ঠানে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন ইইএস প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী আবু আনেশ ইউসুফ।

এনডিপি বার্তা

সংখ্যা ২১। বর্ষ ১১। জুলাই - সেপ্টেম্বর, ২০১৯

## দুর্যোগে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ কর্মশালা

২৬ সেপ্টেম্বর ২০১৯ এনডিপি এর প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে দুর্যোগে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ কর্মশালা অনুষ্ঠিত হয়। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আয়োজনে এবং একশন এইড এর সহায়তায় কর্মশালাটি বাস্তবায়িত হয়। দিনব্যাপি এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর মনিটরিং এন্ড ইভ্যালুয়েশনের উপ-পরিচালক কাজী মাসুদুজ্জামান এবং দৈনিক করতোয়ার সিনিয়র সাংবাদিক মোঃ হেলাল আহমেদ। সেমিনারে প্রধান অতিথি বলেন এ ধরনের কর্মশালার মাধ্যমে নারীর মনোবল বৃদ্ধি পাবে যা তাকে আত্মনির্ভরশীল হয়ে উঠতে সাহায্য করবে। সেমিনার পরিচালনার সার্বিক দায়িত্বে ছিলেন এনডিপি এর প্রশিক্ষণ বিভাগের ব্যবস্থাপক নুরুন নাহার চৌধুরী। সেমিনারে নারীর অধিকার সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় এবং নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয় ।




*বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো: আলাউদ্দিন খান*

## বেড়ায় ফ্রি স্বাস্থ্য সেবা




*স্বাস্থ্য ক্যাম্পে উদ্বোধনী বক্তব্য দিচ্ছেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পন কর্মকর্তা ডাঃ মোঃ মিলন মাহমুদ*

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)-সমৃদ্ধি কর্মসূচির আওতায় ২২ সেপ্টেম্বর ২০১৯ তারিখে সকাল ১০:০০ ঘটিকা হতে পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ইউনিয়ন পরিষদে ফ্রি স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। ইউনিয়নের ৮টি গ্রামের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং পুষ্টি ঘাটতি পুরন করে দরিদ্র অসহায় মানুষের আর্থিক ক্ষতি লাঘব করাই এ কর্ক্রমের মূল উদ্দেশ্য। এই লক্ষ্যে তিন জন (মেডিসিন, চক্ষু ও গাইনী রোগ বিশেষজ্ঞ) ডাক্তার দ্বারা ১৫৯ জন গরীব ও অসহায় রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়। কার্যক্রমের শুভ উদ্বোধন করেন চাকলা ইউনিয়নের ইউপি চেয়ারম্যান মো. ফারুক হোসেন, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ মিলন মাহমুদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেড়া, পাবনা। এছাড়াও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ইউনিয়ন চেয়ারম্যান বলেন, এনডিপি সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য কার্যক্রমের মাধ্যমে প্রতি ৩ মাস পর পর ৩ জন বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা স্বাস্থ্য ক্যাম্প পরিচালনার ফলে এলাকার জনগণ রোগব্যধি থেকে সহজে আরোগ্য লাভ করছে। এর ফলে অত্র ইউনিয়নের জনগণ সহজে বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা চিকিৎসা সেবা পাচ্ছে এবং ডাক্তারের সাথে সাক্ষাৎ করার জন্য যে বিরম্বনা ও সময় লাগে তা থেকে জনগণ মুক্তি পাচ্ছে। এজন্য এনডিপিকে স্বাস্থ্য কার্যক্রম চলমান রাখা ও বাস্তবায়নে সার্বিক সহযোগীতার আশ্বাস দেন। স্বাস্থ্য ক্যাম্পে আরো উপস্থিত ছিলেন এনডিপি এর সহকারী পরিচালক মো. সাইফুল ইসলাম, সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী চিন্ময় কুমার রায় , শাখা ব্যবস্থাপক মোঃ হাফিজুর রহমান, সমৃদ্ধি স্বাস্থ্য কর্মকর্তা মোছা. তাসমি তামান্নাসহ বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

## জুলাই-সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্র: নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ০১ | Defending Human Rights through Network Strengthening (DHRNS) | মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন ও National Endowment for Democracy (NED) | সিরাজগঞ্জ জেলা | ১ সেপ্টেম্বর ২০১৯ থেকে ৩১ আগষ্ট ২০২০ | জাতীয় এবং জেলা পর্যায়ে মানবাধিকার লংঘনের ঘটনা চিহ্নিত করা, তথ্যানুসন্ধান করা, এ সংক্রান্ত প্রতিবেদন তৈরি ও প্রকাশ এর মাধ্যমে মানবাধিকার সংস্কৃতি প্রতিষ্ঠার আন্দোলন জোরদার করা । |
| ০২ | Making Market Works For Chars (M4C) | সুইচকন্ট্যাক্ট | সিরাজগঞ্জ সদর, কাজিপুর, বেলকুচি ও চৌহালি উপজেলার চর এলাকা | ১ অক্টোবর ২০১২ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৯ | চর এলাকার মানুষের আয় বৃদ্ধির লক্ষ্যে কর্মসংস্থান সৃষ্টি এবং বাজার উন্নয়নের মাধ্যমে হতদরিদ্র মানুষের দুর্বলতা হ্রাস করা । |

## নারী ও শিশুর প্রতি সহিংসতার প্রতিবাদে মানববন্ধন ও র‌্যালি




*মানববন্ধন পরবর্তীতে র‌্যালিতে অংশগ্রহণ করেন বিভিন্ন এনজিও প্রতিনিধিগণ*

৩ সেপ্টেম্বর ২০১৯ সিরাজগঞ্জ সিএসও কোয়ালিশন এর উদ্যোগে সিরাজগঞ্জে র‌্যালী ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। প্রথমে সকাল ১০ টায় মানববন্ধনের আয়োজন করা হয়। এরপর শহরের চৌরাস্তা থেকে একটি র‌্যালীর আয়োজন করা হয় যা মুক্তির সোপানে গিয়ে শেষ হয়। এতে এনডিপি'র নেতৃত্বে সিএসও কোয়ালিশনের ১৮টি এনজিও অংশগ্রহণ করে। এছাড়াও এনডিপি বাস্তবায়িত নারীর প্রতি সহিংসতা প্রকল্পও কার্যক্রমটিতে অংশগ্রহণ করে। মানববন্ধনে ধর্ষণ, ধর্ষণ চেষ্টা, বলাৎকার, এসিড নিক্ষেপ, হত্যা, নারী নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর পাশাপাশি ন্যায় বিচারের দাবি জানানো হয়। এছাড়া এ ধরণের হত্যাসহ অনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত অপরাধীদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়। মানববন্ধনে দৈনিক করতোয়ার সিনিয়র সাংবাদিক হেলাল আহমেদ এর সভাপতিত্বে এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান স্বাগত বক্তব্য প্রদান করেন। র‌্যালী ও মানববন্ধনে এনজিও প্রতিনিধি ছাড়াও জাতীয় ও স্থানীয় পত্রিকার সাংবাদিকবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বক্তারা আগামী দিনে আর কোন নারী ও শিশু যেন অনৈতিক ঘটনার শিকার না হয় সে জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণসহ অভিভাবকদের সচেতন হওয়ার আহ্বান জানান। মানববন্ধনটি পরিচালনা করেন এনডিপি'র জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচির ফোকাল পারসন নুরুন নাহার চৌধুরী, প্রতিবন্ধিতা উন্নয়ন কর্মসূচির সহকারি ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ, রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগের সহকারী ব্যবস্থাপক মোঃ জানাফার ইসলাম এবং সিজিবিভি প্রকল্পের কর্মসূচি কর্মকর্তা শারমিন আক্তার।

## সিজিবিভি প্রকল্পের উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটি'র ত্রৈমাসিক সভা

১৯ আগষ্ট ২০১৯ তারিখে সিরাজগঞ্জ সদর উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটি'র সভা সিরাজগঞ্জ পাবলিক লাইব্রেরী হল রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা সোস্যাল কমিটির সভাপতি অবঃ অধ্যাপক মোঃ আঃ রাজ্জাক। সভার কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রকল্প সমন্বয়কারী (সিজিবিভি) মোছাঃ আকতারী বেগম। এছাড়া সভায় নারী নির্যাতন, বাল্যবিয়ে, বহুবিবাহ, যৌতুক, ইভটিজিং প্রভৃতি বিষয় নিয়ে মুক্ত আলোচনা করা হয়। মুক্ত অলোচনায় অংশগ্রহণ করেন মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী বাবু, মোঃ শহিদুল ইসলাম (ইমাম), হীরক গুন (হিন্দু বিবাহ নিবন্ধক), তাজমেরী হোসেন মুক্তি, হেলাল আহমেদ (সাংবাদিক), মোঃ মমিন বাবু (সাংস্কৃতিক ব্যক্তিত্ব), পাপিয়া, শাহআলম, আনিজা। এ্যাডভোকেট মাহবুবে খোদা টুটুল বলেন, সদর উপজেলার সয়দাবাদ ও কালিয়া হরিপুর ইউনিয়ন এ বাল্যবিবাহ প্রতিরোধ ও মোকাবেলা করার জন্য বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসায় বাল্যবিবাহ প্রতিরোধ আইন ও বাল্যবিয়ের কুফল নিয়ে আলোচনা করার জন্য উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটিকে তাগিদ দেন। সভায় কালিয়া হরিপুর ও সয়দাবাদ ইউনিয়নের সোস্যাল কমিটির সদস্যবৃন্দ, এনডিপি'র সিজিবিভি প্রকল্পের প্রজেক্ট অফিসার উপস্থিত ছিলেন।



*সভায় উপস্থিত আছেন উপজেলা সোস্যাল কমিটির সভাপতি অবঃ অধ্যাপক মোঃ আঃ রাজ্জাক*

## প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির আওতায় প্রতিবন্ধীদের মাঝে সার্ভিস চার্জ মুক্ত ঋণ প্রদান



*সার্ভিস চাজমুক্ত ঋণ তুলে দিচ্ছেন নিরীক্ষা বিভাগের সিনিয়র ব্যবস্থাপক কে.এম. জাহাঙ্গীর আলমসহ প্রকল্পের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন*

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির আওতায় বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের সাবলম্বী করতে সিরাজগঞ্জ জেলা ব্যাপী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। কার্যক্রমগুলোতে সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তি ও শিশুদের চাহিদা অনুযায়ী প্রাইমারী রিহ্যাবিলিটেশন থেরাপী প্রদান করাসহ প্রতিবন্ধী পরিবার, সরকারী-বেসরকারী কর্মকর্তা, স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষক, স্থানীয় প্রশাসন ও জন প্রতিনিধিদের সাথে প্রতিবন্ধিতা বিষয়ে কাউন্সেলিং করা হয়। এছাড়া প্রতিবন্ধীদের আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত করার জন্য তাদেরকে বিশেষভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে প্রতিবন্ধী ব্যক্তিদেরকে সার্ভিস চার্জ মুক্ত ঋণ প্রদান করা হয়। তারই ধারাবাহিকতায় কর্মসূচি পরিচালিত রজনীগন্ধা প্রতিবন্ধী দলের সদস্য শারীরিক প্রতিবন্ধী (অঙ্গহানী) মোঃ রাশিদুল ইসলামকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ প্রদানের পাশাপাশি প্রতিবন্ধী ব্যক্তির চাহিদা অনুযায়ী সহায়ক উপকরণ বিতরণ করা হয়। এছাড়াও প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাগণ নিয়মিত প্রতিবন্ধীদের নিয়ে মিটিং করা সহ ফলোআপ প্রদান করে থাকেন ।

NDP
# এনডিপি বার্তা

সংখ্যা ২১। বর্ষ ১১। জুলাই - সেপ্টেম্বর, ২০১৯

## উপকারভোগীদের গাভী পালন প্রশিক্ষণ

২৮শে সেপ্টেম্বর ২০১৯ তারিখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে এবং ইউরোপিয়ান ইউনিয়ন (EU) ও জার্মান সরকারের (German corporation) আর্থিক ও জিআইজেড (GIZ) এর কারিগরি সহযোগীতায় Urban Management of Internal Migration Due to Climate Change (UMIMCC-II) Project & Urban Management of Migration and Livelihood (UMML) Project নামক প্রকল্পটি বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় সিরাজগঞ্জ পৌরসভার হল রুমে মোট ৮০জন উপকারভোগীকে গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। অনুষ্ঠানে এনডিপি এর পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ পৌরসভার মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা। মূলত সিরাজগঞ্জ পৌরসভার পার্শ্ববর্তী/ নিকটবর্তী/ দূরবর্তী চর/ গ্রাম/ শহর/ জেলা হতে জলবায়ু পরিবর্তনের কারণে উদ্বাস্তু/স্থানান্তরিত মানুষ সিরাজগঞ্জ পৌর এলাকার বিভিন্ন বস্তিতে বসতি স্থাপন করে। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) উক্ত প্রকল্পের মাধ্যমে স্থানান্তরিত দরিদ্র পরিবার সমূহের জীবনমান উন্নয়নে সিরাজগঞ্জ পৌরসভায় কাজ করছে। প্রকল্পের আওতায় সুবিধাভোগীদেরকে গরু প্রদান, গাভী পালনের জন্য খাদ্য উৎপাদন, সরবরাহকারী এবং গরু বাজারজাতকরণে উদ্যোক্তা তৈরী, দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে উপকারভোগীদের সামর্থ্য ও দক্ষতা বৃদ্ধি ইত্যাদি কার্যক্রম রয়েছে। তাছাড়া অবকাঠামোগত স্থাপনা নির্মাণ ও মেরামত এবং সেমিনার, কর্মশালা ও অভিজ্ঞতা বিনিময় সভাসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।



*এনডিপি'র পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন প্রশিক্ষণে অংশ গ্রহণকারী উপকার ভোগীদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য দিচ্ছেন*

## জাতীয় শোক দিবস উদযাপন



*জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভায় বক্তব্য দিচ্ছেন এনডিপির নির্বাহী পরিচালক*

১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে এনডিপি বিভিন্ন ধরনের কর্মসূচি বাস্তবায়ন করে। এনডিপি প্রধান কার্যলয়ে অনুষ্ঠিত শোক সভায় এনডিপি এর নির্বাহী পরিচালকের সভাপতিত্বে ১৫ আগস্ট ১৯৭৫-এ শাহাদাত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা ও দোয়া করেন। এনডিপি এর নির্বাহী পরিচালক মো: আলাউদ্দীন খান দিনটির গুরুত্ব তুলে ধরেন। এনডিপি এর মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রাম এর সকল শাখায় বিভিন্ন কর্মসুচি যেমন ফ্রি স্বাস্থ্য ক্যাম্প, মিলাদ মাহ্‌ফিল ও শিশুদের বই বিতরণের মধ্যে দিয়ে জাতীয় শোক দিবস পালিত হয়েছে। উল্লেখ্য, এনডিপি'র প্রত্যেক বছরের ধারাবাহিকতা অনুযায়ী এবছরও ১৫ আগস্ট জাতীয় শেক দিবস পালন করা হয়।

## এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি'র নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৬০টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো:

| ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর ২০১৯ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর ২০১৯ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর ২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ৬০ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ১.৫০ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২৬০ |
| ২ | মোট সদস্য জন | ৯৭৯৫২ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৯২% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৭ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ২২৪৪.৬৩ | ১১ | On Time Realization ( OTR) | ৯৯.৩২% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১৪ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ১৯৯৩.৫৮ | ১২ | Liquidity Ratio | ৯.৮৭% | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:৮৪ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ২৫১.০৪ | ১৩ | Port folio At Risk | ১.১৭% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৭ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ৮১.৩০ | ১৪ | Delinquent Ratio | ০.৬০% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১৪৬ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ১০৬.১১ | ১৫ | Debt : Equity | ১.৬৩:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৭৯.২৫% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:৩২৯ | | | |

## সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির উদ্যোগে মধ্যমিক বিদ্যালয় পর্যায়ে ফুটবল প্রতিযোগিতা

এনডিপি ও পিকেএসএফ এর অর্থায়নে এনডিপি-সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির উদ্যোগে কামারখন্দ উপজেলার মুগবেলাই লুৎফিয়া উচ্চ বিদ্যালয় মাঠে মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়। ১৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ৮টি দলের অংশগ্রহণের মাধ্যমে শুরু হওয়া টুর্নামেন্টটির ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ২৩ সেপ্টেম্বর ২০১৯। অনুষ্ঠানে মুগবেলাই লুৎফিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আইয়ুব খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ এস.এম. শহিদুল্লাহ সবুজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এবং সহকারী পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান। ফাইনাল খেলায় মুগবেলাই লুৎফিয়া উচ্চ বিদ্যালয় এবং জামতৈল ধোপাকান্দি সরকারী উচ্চ বিদ্যালয় প্রতিযোগিতা করে। জামতৈল ধোপাকান্দি সরকারী উচ্চ বিদ্যালয় ১-০ গোলের ব্যবধানে জয়লাভ করে। পুরস্কার বিতরণের আগে প্রধান অতিথি বলেন ছাত্রদের মেধা বিকাশের জন্য শিক্ষার পাশাপাশি খেলাধুলার প্রয়োজনীয়তা অপরিসীম এবং মাদকের কালো ছায়া থেকে ছাত্রদের দূরে রাখতে খেলাধুলার কোন বিকল্প নেই। তিনি ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র এ ধরনের কার্যক্রমকে সাধুবাদ জানান এবং সফলতা কামনা করেন। অনুষ্ঠানে বিদ্যালয়টির ম্যানেজিং কমিটির সভাপতি, শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



*দু'দলের খেলোয়াড়দের সাথে কামারখন্দ উপজেলার চেয়ারম্যান এবং সহকারী পরিচালক (কর্মসূচি) ও সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির ফোকাল পারসন*

## কমিউনিটি মেম্বার এবং সেবা প্রদানকারীদের মধ্যে ষান্মাসিক ডায়ালগ সেশন



*বক্তব্য দিচ্ছেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল*

২৮ সেপ্টেম্বর ২০১৯ এনডিপি কর্তৃক আয়োজিত এবং **'এসিড সারভাইবারস ফাউন্ডেশন'** এর সহায়তায় এনডিপি এর প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে কমিউনিটি মেম্বার এবং সেবা প্রদানকারীদের মধ্যে ষান্মাসিক ডায়ালগ সেশন অনুষ্ঠিত হয়। উক্ত সেশনে সভায় এনডিপি এর পরিচালক (কর্মসূচি) মোহাঃ শাহ্ আজাদ ইকবাল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দ স্পিনিং মিলের ম্যানেজার এডমিন মোঃ লিয়াকত আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক এর (সিইডি) মোঃ হাফিজুর ইসলাম, ব্যক্তি উদ্যোক্তা মোঃ ওসমান গণি এবং এনডিপি এর সিনিয়র ম্যানেজার (এইচআর) নুরুন নাহার। প্রধান অতিথি বক্তব্যে এনডিপি এর এ ধরণের ব্যতিক্রম ধর্মী কাজের জন্য শুভেচ্ছা জানান ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন এ ধরণের সেশন নিয়মিত হলে কমিউনিটি মেম্বাররা উপকৃত হবে। সভা সঞ্চালনা করেন 'পিআরবিভি' প্রজেক্ট অফিসার গুলশানারা কুমকুম। সভায় কমিউনিটি সদস্যদের সাথে সেবা প্রদানকারীদের যোগসূত্র স্থাপনের ক্ষেত্রে বিস্তর ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন উপস্থিত সদস্যগণ।

## সৌহার্দ্য III কর্মসূচির উদ্যোগে ক্ষুদে ডাক্তারদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর সৌহার্দ্য III কর্মসূচির উদ্যোগে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য সেবা প্রশিক্ষণ প্রদান করা হয়। সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার দৌলতপুর ইউনিয়ন পরিষদ সভাকক্ষে উক্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মোঃ সাখাওয়াত হোসেন (ইউএইচসি), বেলকুচি উপজেলা এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. মোঃ মাহবুব হোসেন (ইউএইচ এন্ড এফপিও) বেলকুচি উপজেলা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তায়জাসিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শারীরিক শিক্ষক মোঃ মোন্নাফ আলী। মূলত স্বাস্থ্য বিষয়ক শিক্ষা, রোগ-প্রতিরোধ ও উন্নত জীবনমানই এই প্রশিক্ষণের একমাত্র উদ্দেশ্য। অনুষ্ঠানে প্রত্যেক বিদ্যালয় থেকে একজন করে মোট ১৬ জন প্রতিনিধি অংশগ্রহণ করে। প্রশিক্ষণ পরবর্তীতে প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্রছাত্রী নিজ নিজ বিদ্যালয়ে আলোচনার মাধ্যমে তাদেরকেও প্রশিক্ষণ প্রদান করে। অনুষ্ঠানে ছাত্র-ছত্রীদের হাতে বানানো স্যালাইন তৈরির কৌশল, হাত ধোয়া, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয়।



*হাতে বানানো স্যালাইন তৈরির প্রশিক্ষণ*

এনডিপি বার্তা
সংখ্যা ২১। বর্ষ ১১। জুলাই - সেপ্টেম্বর, ২০১৯

# জেন্ডার এন্ড রাইটস্ কর্মসুচির উদ্যোগে কিশোরীদের সেল্ফ ডিফেন্স প্রশিক্ষণ



*প্রশিক্ষণ পরবর্তীতে সার্টিফিকেট হাতে শিক্ষার্থীরা*

এনডিপি'র জেন্ডার এন্ড রাইটস্ কর্মসুচি কর্তৃক আয়োজিত সেল্ফ ডিফেন্স প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ২১ সেপ্টেম্বর ২০১৯ শুরু হওয়া ৫ দিনের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয় ২৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে। কামারখন্দ উপজেলার চারটি ইউনিয়নের ২০টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হতে মোট ২০ জন কিশোরী এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সাধারণত মেয়েরা বিভিন্ন সময় বিভিন্ন ধরনের হয়রানি বা নির্যাতনের শিকার হন। এই ধরনের নির্যাতন থেকে তারা যেন নিজেদেরকে রক্ষা করতে পারে সে উদ্দেশ্যেই সেল্ফ ডিফেন্স প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে কোরিয়ান মার্শাল আর্ট তায়কোয়ানডোর সেল্ফ ডিফেন্সসহ মার্শাল আর্টের বিভিন্ন কৌশল শেখানো হয়। সিরাজগঞ্জ জেলার তায়কোয়ানডোর চীফ ইস্ট্রাক্টর মোঃ বাবুল হোসেন, ব্লাক বেল্ট ৪র্থ ড্যান- WTF/BTF প্রশিক্ষণ পরিচালনা করেন। তাকে সহযোগীতা করেন সহকারী ইস্ট্রাক্টর শারমিন আক্তার নিশি। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ শাহীনুর আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর পরিচালক (কর্মসূচি) মোহাঃ শাহ্ আজাদ ইকবাল, পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ) মিলন কুমার রায় এবং সিনিয়র ম্যানেজার (এইচআর) নুরুন নাহার। প্রশিক্ষণ শেষে তিনি প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট তুলে দেন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, **"এই ধরনের প্রশিক্ষণ মেয়েদের রক্ষা করার পাশাপাশি মনোবল বৃদ্ধি করতে সহযোগীতা করবে। সুতরাং এই আর্টকে তোমরা নিয়মিত চর্চা করার চেষ্টা করবে।"** প্রশিক্ষক মোঃ বাবুল হোসেন তায়কোয়ানডোর পক্ষ হতে ০৮ জনকে হলুদ ও ০১ জনকে সবুজ বেল্ট প্রদান করেন এবং তাদেরকে নিয়মিত চর্চা করার জন্য তার প্রতিষ্ঠানে সুযোগ করে দেন। প্রশিক্ষণের সার্বিক দায়িত্বে নিয়োজিত ছিলেন এনডিপি এর ব্যবস্থাপক (প্রশিক্ষণ বিভাগ) নুরুন নাহার চৌধুরী।


## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা প্রতিদিন
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা প্রতিদিন

## খাবারের মূল্য তালিকা

| | | |
|---|---|---|
| সকালের নাস্তা | : | ৬০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : | (১৬০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : | ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : | ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : | ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : | ৪৫ টাকা (৩০০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : | ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

## ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীততাপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

## ডরমেটরী

| | | |
|---|---|---|
| সাধারণ নন এসি | : | ৬০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| এসি (ভিআইপি) | : | ১,০০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| ডিলাক্স (এসি) | : | ১,৫০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| লাক্সারি (এসি) | : | ১,২০০.০০ টাকা (সিঙ্গেল বেড) পার ওভারনাইট |

## বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

## অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

## যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org




গৌরবের ২৭ বছর